

প্রেস বিজ্ঞপ্তি

বেইজিং-এ ডিজিটাল বাংলাদেশ দিবস-২০২২ উদযাপন

আজ ১২ই ডিসেম্বর ২০২২ তারিখে বাংলাদেশ দূতাবাস, বেইজিং যথাযোগ্য মর্যাদায় ডিজিটাল বাংলাদেশ দিবস-২০২২ পালন করেছে। বেইজিং শহরে কোভিড-১৯ এর প্রকোপ বেড়ে যাওয়ার কারণে দূতাবাস অনুষ্ঠানটি জুম প্ল্যাটফর্মের মাধ্যমে আয়োজন করে। অনুষ্ঠানে দূতাবাসের সকল কর্মকর্তা, কর্মচারী, দূতাবাস পরিবারের নতুন প্রজন্মের সদস্যরা এবং চীনে অধ্যয়নরত কিছু বাংলাদেশী শিক্ষার্থী চীনের অন্য প্রদেশ থেকে অংশগ্রহন করেন। অনুষ্ঠানে শিশু কিশোররা ডিজিটাল বাংলাদেশ নিয়ে প্রানবন্ত ডিজিটাল কুইজ প্রতিযোগিতায় অংশগ্রহন করে যা ছিল আজকের অনুষ্ঠানের মূল আকর্ষণ। প্রথম সচিব ও দূতালয় প্রধান পারুল দেওয়ানের সঞ্চালনায় এই অনুষ্ঠানে দূতাবাসের কমার্শিয়াল কাউন্সেলর মোহাম্মদ মনসুর উদ্দিন ডিজিটাল বাংলাদেশের অর্জন ও সাফল্যের উপর একটি উপস্থাপনা দেন। এছাড়াও, চীনে অধ্যয়নরত দুই বাংলাদেশী শিক্ষার্থী ডিজিটাল প্ল্যাটফর্ম ব্যবহার করে বাংলাদেশের পর্যটন শিল্পের প্রসার এবং দারিদ্র্য বিমোচনে ডিজিটাল প্ল্যাটফর্মের অবদান নিয়ে উপস্থাপনা দেন।

রাষ্ট্রদূত মোঃ জসীম উদ্দিন, এনডিসি, তাঁর বক্তব্যে বঙ্গবন্ধুর সোনার বাংলা স্বপ্ন বাস্তবায়নে প্রধানমন্ত্রী শেখ হাসিনার রূপকল্পভিত্তিক কর্মপরিকল্পনায় ডিজিটাল বাংলাদেশ ধারনাকে অন্যতম স্তম্ভ হিসেবে আখ্যায়িত করে বলেন যে, তথ্য প্রযুক্তি বাংলাদেশের উন্নয়ন অগযাত্রায় গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে। তিনি আরও বলেন যে, প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুযোগ্য, গতিশীল ও আধুনিক মনস্ক নেতৃত্বের কারণে বাংলাদেশ তথ্য-প্রযুক্তিবান্ধব নীতি, দৃষ্টিভঙ্গী, অবকাঠামো নির্মানের মাধ্যমে এক বৈপ্লবিক পরিবর্তনের মধ্য দিয়ে যেতে সক্ষম হয়েছে। রাষ্ট্রদূত জসীম উদ্দিন দূতাবাসের সেবার মানবৃদ্ধি এবং চীন থেকে বাংলাদেশে পর্যটন শিল্পসহ নানা ক্ষেত্রে অধিকতর গতিশীলতা আনতে তথ্য প্রযুক্তি ব্যবহারের উপর গুরুত্ব প্রদান করেন।

রাষ্ট্রদূত অনুষ্ঠানে উপস্থিত সকলকে একটি উন্নত, সমৃদ্ধ বাংলাদেশ গঠনে একসাথে কাজ করার আহবান জানান।

